



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০



কেন্দ্রীয় হিসাব বিভাগ

হিসাব সার্কুলার লেটার নং-০১/২০২০

তারিখঃ ২৩.০৬.২০২০

বিষয় : নভেল করোনা ভাইরাস (COVID-19) এর প্রাদুর্ভাবের কারণে সৃষ্ট ব্যবসায়িক পরিস্থিতি বিবেচনায় ব্যাংক ঋণ/বিনিয়োগের উপর সুদবিহীন ব্লকড হিসাবে স্থানান্তরকৃত/রক্ষিত সুদ আয়খাতে স্থানান্তরসহ বাংলাদেশ ব্যাংকের নিকট দাবী পেশের সম্মিত হিসাবায়ন পদ্ধতি প্রসংগে।

শিরোনামাধীন বিষয়ে বিকেবি, প্রকা, ক্রেডিট বিভাগের ১০.০৫.২০২০ তারিখের পত্র নং বিকেবি-প্রকা/ক্রেবি(শাখা-৩)প্রক্রেবি-৩(৪০)/২০১৯-২০২০/১১৩৭(১০), এতদসংক্রান্ত বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের বিআরপিডি সার্কুলার নং-১১ তারিখ ০৩.০৫.২০২০ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-২৩ তারিখ ০৪.০৫.২০২০ ও বিকেবি, প্রকা, কেন্দ্রীয় হিসাব বিভাগের ২০.০৫.২০২০ তারিখের হিসাব পরিপত্র নং ০২/২০২০ এবং এরই ধারাবাহিকতায় ক্রেডিট বিভাগের ১৪.০৬.২০২০ তারিখের পত্র নং বিকেবি-প্রকা/ক্রেবি(শাখা-৩)প্রক্রেবি-৩(৪০)/২০১৯-২০২০/১৩২৭(১২০০) ও এতদসংক্রান্ত বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের বিআরপিডি সার্কুলার নং-১২ তারিখ ১০.০৬.২০২০ প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। ক্রেডিট বিভাগের ১৪.০৬.২০২০ তারিখের পত্র নং বিকেবি-প্রকা/ক্রেবি(শাখা-৩)প্রক্রেবি-৩(৪০)/২০১৯-২০২০/১৩২৭(১২০০) এর ৪ নং অনুচ্ছেদের মাধ্যমে আলোচ্য ব্লক হিসাব সংশ্লিষ্ট হিসাবায়ন পদ্ধতি জারীকরণ, মনিটরিং, বাস্তবায়ন এবং যথাসময়ে বাংলাদেশ ব্যাংক হতে সুদ ভর্তুকী দাবীকরণসহ এতদসংক্রান্ত যাবতীয় কার্যাবলী পরিচালনার জন্য কেন্দ্রীয় হিসাব বিভাগকে ন্যাস্ত করা হয়েছে। কেন্দ্রীয় হিসাব বিভাগের ২০.০৫.২০২০ তারিখের হিসাব পরিপত্র নং ০২/২০২০ এর মাধ্যমে ব্লক হিসাব সম্পর্কিত হিসাবায়ন পদ্ধতি মাঠ পর্যায়ে জারী করা হয়েছে। উক্ত পরিপত্রের ৫.৪ নং অনুচ্ছেদের মাধ্যমে ১৩১/১৬৩-“করোনা সুদবিহীন ব্লকড হিসাব” এবং ৫৩(১ ও ২)-“করোনা স্থগিত সুদ হিসাব” সমন্বয়ের উদ্দেশ্যে প্রয়োজনীয় হিসাবায়ন পদ্ধতি এতদসংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের পরবর্তী নির্দেশনা প্রাপ্তি স্বাপেক্ষে অবহিত করা হবে মর্মে জানানো হয়েছিল। বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের বিআরপিডি সার্কুলার নং-১২ তারিখ ১০.০৬.২০২০ এর মাধ্যমে আলোচ্য সুদবিহীন ব্লকড হিসাব সম্পর্কিত চূড়ান্ত নির্দেশনা জারী করা হয়েছে।

০৩। এতদপ্রেক্ষিতে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের বিআরপিডি সার্কুলার নং-১১ তারিখ ০৩.০৫.২০২০, বিআরপিডি সার্কুলার লেটার নং-২৩ তারিখ ০৪.০৫.২০২০, বিকেবি, প্রকা, কেন্দ্রীয় হিসাব বিভাগের হিসাব পরিপত্র নং ০২/২০২০ তারিখ ২০.০৫.২০২০ এবং বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের বিআরপিডি সার্কুলার নং-১২ তারিখ ১০.০৬.২০২০ মোতাবেক সুদবিহীন ব্লকড হিসাবে রক্ষিত সুদ আয়খাতে স্থানান্তরসহ আদায় পত্রিয়া এবং অতঃপর সুদবিহীন ব্লকড হিসাবে সংরক্ষিত সুদ ভর্তুকী বাংলাদেশ ব্যাংকের নিকট দাবী পেশের পত্রিয়া তথা সম্মিত হিসাবায়ন পদ্ধতি নিম্নে উল্লেখ করা হলো :

৩.১। সুবিধাভোগী গ্রাহক :

অত্র ব্যাংকের প্রাসঙ্গিকতায় এডি শাখা হতে বৈদেশিক মুদ্রায় প্রদত্ত অশ্রেণিকৃত ঋণ/বিনিয়োগ ব্যতীত ৩১.০৩.২০২০ তারিখ ভিত্তিক অন্যান্য সকল অশ্রেণিকৃত ঋণ/বিনিয়োগ স্থিতির উপর সরকার থেকে প্রাপ্তব্য নিম্নোক্ত ছকে বর্ণিত হারে আলোচ্য সুদ মওকুফ সুবিধা প্রযোজ্য হবে তবে সুবিধাটি প্রাপ্যতার ক্ষেত্রে ০১.০৪.২০২০ তারিখ থেকে ঋণ/বিনিয়োগের উপর কার্যকর সুদের হার হতে হবে সর্বোচ্চ ৯%। অর্থাৎ ০১.০৪.২০২০ তারিখ থেকে ৯% এর উপরে কার্যকর সুদের হারের অন্তর্ভুক্ত ঋণ/বিনিয়োগের ক্ষেত্রে আলোচ্য সুদ মওকুফ সুবিধা প্রযোজ্য নয়। অত্র ব্যাংকে ক্রেডিট কার্ড এবং অফসোর ব্যাংকিং ব্যবস্থা নেই।

উল্লেখ্য, প্রাপ্তব্য সুদ ভর্তুকীর পরিমাণ বাংলাদেশ ব্যাংক হতে নিশ্চিত হবার পর গ্রাহক পর্যায়ে আলোচ্য সুদ মওকুফ সুবিধা কার্যকর হবে। অর্থাৎ বাংলাদেশ ব্যাংক হতে নিশ্চিত হওয়া ব্যতীত সুদ মওকুফ সংশ্লিষ্ট ঋণ হিসাবগুলো বন্ধ করা যাবে না। বাংলাদেশ ব্যাংক হতে নিশ্চয়তা প্রাপ্তি সাপেক্ষে এতদসংশ্লিষ্ট আনুষাঙ্গিক বিষয়াদিসহ নিশ্চয়তা প্রাপ্তির বিষয়টি ব্যাংকের প্রধান কার্যালয় কর্তৃক মাঠ পর্যায়ে অবহিতকরণসহ পরবর্তী নির্দেশনা প্রদান করা হবে।

ক্রঃ	গ্রাহক পর্যায়ে ঋণ/বিনিয়োগ স্থিতি (৩১ মার্চ ২০২০ তারিখ ভিত্তিক)	মওকুফের পরিমাণ/হার (এপ্রিল ও মে ২০২০ মাসের জন্য)
ক.	১.০০ (এক) লক্ষ টাকা পর্যন্ত	সম্পূর্ণ সুদ মওকুফ (বিআরপিডি সার্কুলার নং-০৩/২০২০ অনুযায়ী ক্রেডিট কার্ড ব্যতীত অশ্রেণিকৃত ঋণের সুদ/মুনাফা হার সর্বোচ্চ ৯%)
খ.	১.০০ (এক) লক্ষ টাকার অধিক কিন্তু ১০.০০ (দশ) লক্ষ টাকা পর্যন্ত	বার্ষিক ২% হারে
গ.	১০.০০ (দশ) লক্ষ টাকার অধিক	বার্ষিক ১% হারে তবে গ্রাহক প্রতি সর্বোচ্চ ১২.০০ (বার) লক্ষ টাকা পর্যন্ত

চলমান পাতা-২

